



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪২.২২.০০১.২০.৭০

তারিখ: ২০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে ছাড়পত্রের মাধ্যমে কলেজে ভর্তির অনুমতি এবং আন্তঃবোর্ড ছাড়পত্রের (BTC) মাধ্যমে ভর্তি প্রসঙ্গে এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক, দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের ছাড়পত্রের (TC) মাধ্যমে এক কলেজ থেকে অন্য কলেজে ভর্তির অনুমতি এবং আন্তঃবোর্ড ছাড়পত্রের (BTC) মাধ্যমে ভর্তির অনুমতির জন্য ১০-০৯-২০২৪ খ্রি. তারিখ থেকে ১০-১০-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে (আবেদন ফরম এ বোর্ডের ওয়েবসাইটের 'ডাউনলোড' মেনুতে পাওয়া যাবে)। শিক্ষার্থীর আবেদনের ভিত্তিতে কাঙ্ক্ষিত প্রতিষ্ঠানে আসন শূন্য থাকা, নির্ধারিত জিপিএ থাকা এবং উভয় প্রতিষ্ঠান প্রধানের সম্মতি সাপেক্ষে বর্তমান কলেজ কর্তৃক এ বোর্ডের ওয়েবসাইটের (www.jessoreboard.gov.bd) ইনস্টিটিউট প্যানেলে (Institute Panel) আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের পর সোনালী সেবার পেমেন্ট গেটওয়ের মাধ্যমে আবেদন ফি প্রদান করতে হবে।

বি.দ্র. :

- শিক্ষার্থীর আবেদনের ভিত্তিতে বর্তমান কলেজের Institute প্যানেল থেকে আবেদন দাখিল করতে হবে এবং ভর্তিছু কলেজ আবেদন 'একসেসপ্ট' করবে। আবেদন বোর্ড কর্তৃক অনুমোদিত হলে ইনস্টিটিউট প্যানেলে অনুমতি পত্র পাওয়া যাবে;
- ছাড়পত্র প্রদানের অনুমতি পাওয়ার পর বর্তমান কলেজ থেকে ছাড়পত্র গ্রহণ করে ১৫ দিনের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;
- ছাড়পত্র প্রদানকালে কলেজে সংরক্ষিত একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফেরত প্রদান করতে হবে এবং ভর্তি গ্রহণকারী কলেজকে শিক্ষার্থীর নিকট থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিয়ে অধ্যক্ষের নিজ হেফাজতে সংরক্ষণ করতে হবে;
- ছাড়পত্র প্রদানকারী কলেজ যে মাসে ছাড়পত্র প্রদান করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে এবং ভর্তি গ্রহণকারী কলেজ পূর্বের কলেজে যে পর্যন্ত বেতন পরিশোধ আছে তার পরবর্তী মাস থেকে বেতনাদি গ্রহণ করবে;
- আবেদন ফরম এ বোর্ডের ওয়েবসাইটের 'ডাউনলোড' মেনুতে পাওয়া যাবে। আবেদন ফরমে বিস্তারিত নির্দেশাবলী দেয়া আছে।

০৪-০৯-২০২৪

সমীর কুমার কুন্ডু

কলেজ পরিদর্শক

০২৪৭৭৭৬২৬৯৮

ic@jessoreboard.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর;
- ২। প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর;
- ৩। সহকারী প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর;
- ৪। একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এবং
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

